



নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি বেগমগঞ্জ, নোয়াখালী।

ই-মেইলঃ gm.noa.pbs@gmail.com. ওয়েব সাইট: www.pbs.noakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৫০৭.৫৩১.০১.০৮.২৬ ৪৭৮৮

তারিখঃ ১৯ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

“ নিলাম বিজ্ঞপ্তি ”

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ নিলামে বিক্রয়ের নিমিত্তে (যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়) নিম্ন বর্ণিত শর্ত স্বাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

প্যাকেজ নং	বিবরণ	পরিমাণ	দাখিলকৃত উদ্ধৃত মূল্য (টাকা)	
			একক মূল্য	মোট মূল্য
০২/২০২৬-২৭	ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ (জ্বালানী হিসাবে ব্যবহারযোগ্য)	১,০০০ (এক হাজার) কেজি		


শর্তাবলীঃ

- ০১। নিলাম দরপত্র আগামী ১৮/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। ঐ দিনই বেলা ১২:০৫ ঘটিকায় দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। দরপত্র খামের উপর স্পষ্ট করে “প্যাকেজিং কাঠ নিলাম দরপত্র” কথাটি লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৩। দরপত্রের সহিত নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে উদ্ধৃত নিলাম দরের ২৫% (শতকরা পঁচিশ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। অন্যথায়, দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। উপরোক্ত নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে দরপত্র গ্রহণের পূর্ব পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে নোয়াখালী পবিস, বেগমগঞ্জ, নোয়াখালী এ বিজ্ঞপ্তিতে উল্লেখিত মালামাল পরিদর্শন করা যাবে। মালামাল ডেলিভারী প্রদানের সময় প্যাকেজিং কাঠের পরিমাণ কম/বেশী হতে পারে। এক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী বিক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৫। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন প্রাক্কলিত মূল্যের নিচে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। রেসপনসিভ সর্বোচ্চ নিলাম দর দাখিলকারী ব্যক্তি/প্রতিষ্ঠান-কে মালামালের বিক্রয়াদেশ প্রদান করা হবে।
- ০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ/বুঝে নিতে হবে। অন্যথায় কোন কারণ দর্শানো ছাড়াই নিলাম বিক্রয়াদেশ বাতিলসহ দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৭। কৃতকার্য দরদাতা নিলামকৃত প্যাকেজিং কাঠ পবিস কর্তৃপক্ষের সাথে আলোচনা পূর্বক নির্ধারিত দিনে ডেলিভারী নিতে পারবেন। মালামাল ডেলিভারী গ্রহণের সময় বর্ণিত কাজের সাথে সংশ্লিষ্ট নয় এমন অপ্রয়োজনীয় লোক সমাগম করা যাবে না। দিনের আলো থাকা পর্যন্ত মালামাল প্রদান/গ্রহণ করতে হবে।
- ০৮। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ভ্যাট ও উৎস কর প্রদান করতে হবে।
- ০৯। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ/ আংশিক দরপত্র গ্রহণ কিংবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১০। শর্ত বর্হিভূত কোন সমস্যার উত্তর হলে নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।


(প্রকৌঃ মোঃ জাহাঙ্গীর আলম)
জেনারেল ম্যানেজার (অ.দা.)

সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
- ০৩। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৪। পুলিশ সুপার, নোয়াখালী।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নোয়াখালী।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নোয়াখালী।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, চাটখিল, সোনাইমুড়ী, সেনবাগ, কোম্পানীগঞ্জ, কবিরহাট, সুবর্ণচর, সদর।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, নোয়াখালী।
- ০৯। মেয়র, চৌমুহনী পৌরসভা, নোয়াখালী।
- ১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ১১। সকল ডিজিএম ও বিভাগীয় প্রধান, নোয়াখালী পবিস।
- ১২। এজিএম (আইটি) (নোয়াখালী পবিসের ওয়েব সাইটে আপলোডের জন্য)।
- ১৩। নোটিশ বোর্ড, নোয়াখালী পবিস।
- ১৪। অফিস/মাষ্টার কপি।


(প্রকৌঃ মোঃ জাহাঙ্গীর আলম)
জেনারেল ম্যানেজার (অ.দা.)